

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা আরো জানান যে, ৩০ জন মৎস্য চাষীদের খামার পরিদর্শন, পানি পরিষ্কা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। মৎস্য সম্পদ সংরক্ষণের জন্য যথারীতি মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা হচ্ছে। উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।

#### সিদ্ধান্তঃ

- ১। সভাপতি মহোদয় বিভিন্ন প্রকল্পের চলমান কার্যক্রম প্রদত্ত নীতিমালা অনুসারে বাস্তবায়নের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জ্ঞাপন করেন।
- ২। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন আরো গতিশীল করার লক্ষ্যে ব্যাপক গনসচেতনতা সৃষ্টি এবং মৎস্য সংরক্ষণ আইন কঠোরভাবে বাস্তবায়ন করতে হবে।
- ৩। মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য অভ্যন্তরীণ জলাভূমি/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি সহ মৎস্যচাষিদের মধ্যে আরও সচেতনতা ও প্রশিক্ষণ প্রদানের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জ্ঞাপন করেন।

সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, এছাড়া মৎস্যচাষ সম্প্রসারণ ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সভাপতি ও কমিটির অন্যান্য সদস্য উপজেলা মৎস্য দপ্তর, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর সার্বিক কার্যক্রমে সতোষ প্রকাশ করেন।

সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মাননীয় জাতীয় সংসদ সদস্য-নারায়ণগঞ্জ-০২, উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন জনপ্রতিনিধি, সাংবাদিকসহ উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম বাস্তবায়নের সহযোগিতার জন্য এবং উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সকল সদস্যকে সভায় উপস্থিত থেকে সার্বিকভাবে নির্দেশনা প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপর্যুক্ত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

  
(বের্না রহমান)

সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান ( মহিলা )  
উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।